

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সাধারণ পরিচর্যা উপশাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২১০.০২.০০১.১৮.১৬৮

তারিখ: ২১ ভাদ্র ১৪২৬

০৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: মোটর সাইকেল ঋণ/অগ্রিম প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয় অনুসরণে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র সাংগঠনিক কাঠামোভুক্ত নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণকে অফিসের কাজে ব্যবহারের জন্য মোটর সাইকেল ক্রয়ের নিমিত্ত ২০১৯-২০ অর্থ বছরে ৭০লক্ষ টাকা মোটর সাইকেল ঋণ/অগ্রিম প্রদান করা হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কর্মরত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। ঋণের আবেদন করার জন্য প্রার্থীর কমপক্ষে ৫ বছর নিরবিচ্ছিন্ন চাকুরীর বয়স হতে হবে এবং যারা পূর্বে অগ্রিম গ্রহণ করেছেন তাঁদের ঋণ/অগ্রিম গ্রহণের ১০(দশ) বছর পূর্ণ না হলে পুনরায় আবেদন করতে পারবেন না। যে সকল কর্মকর্তা/কর্মচারীর চাকুরীর মেয়াদ পিআরএল-এ গমনের পূর্বে ৫ বছর অবশিষ্ট নেই তাঁরা মোটর সাইকেল ঋণ/অগ্রিম গ্রহণের আবেদন করতে পারবেন না। প্রদানকৃত ঋণ/অগ্রিম সমান ৬০ (ষাট)টি (সর্বোচ্চ) মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে। মাসিক কিস্তি কর্তনের পর ঋণ/অগ্রিম গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্ত নীট বেতন প্রাপ্য মোট বেতনের কমপক্ষে এক-তৃতীয়াংশ হতে হবে। ঋণ/অগ্রিম প্রদান, গ্রহণ, ব্যবহার এবং আদায় সম্পর্কিত সকল কার্যাদি বিআরডিবি কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

এমতাবস্থায়, উপরোক্ত শর্তাবলি প্রতিপালন স্বাপেক্ষে যে সকল কর্মকর্তা/কর্মচারী মোটর সাইকেল ঋণ/অগ্রিম গ্রহণে ইচ্ছুক তাঁদেরকে আগামী ২২/১০/২০১৯ খ্রি. তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এতদসংগে সংযুক্ত ফরম মোতাবেক আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: মোটর সাইকেল ঋণ/অগ্রিম আবেদনের ফরম।



১১-৯-২০১৯

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি

পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৪

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: dradmn@brdb.gov.bd

বিতরণ :

- ১) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাদপ্তর (সকল)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২১০.০২.০০১.১৮.১৬৮/১(১৯)


তারিখ: ২১ ভাদ্র ১৪২৬

০৫ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক(সকল), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি।

- ৪) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।



১১-৯-২০১৯

মোহা: দেলোয়ার হোসেন

উপপরিচালক